# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক / স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

মেমো নং এ-১২৪৫ -৪/২-১ (২০১৮-২০১৯) তারিখ: ১৮/০৮/২০১৮

১। (ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://admission.ru.ac.bd -এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে প্রাথমিক আবেদন করতে হবে। ০৩-০৯-২০১৮ (দুপুর ১২টা) থেকে ১২-০৯-২০১৮ তারিখ (রাত ১২টা) পর্যন্ত প্রাথমিক আবেদন করা যাবে।

(খ) প্রাথমিক আবেদনকারীদের মধ্য থেকে **এইচ.এস.সি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে** প্রতিটি ইউনিটে বিশেষ কোটাসহ সর্বোচ্চ ৩২,০০০ (বত্রিশ হাজার) আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(গ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২২-১০-২০১৮ ও ২৩-১০-২০১৮ তারিখ পৃথক পৃথকভাবে বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আবেদনের নিয়মাবলী এবং ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। ভর্তির আবেদনের যোগ্যতা:

(I) ২০১৭ ও ২০১৮ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বিএফএ(প্রাক), বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভকেশনাল) ও এইচএসসি (ভকেশনাল), O লেভেল ও A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই [এসএসসি বা এইচএসসি সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে] কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। সনাতন পদ্ধতিতে ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে না। [কেবল বিএফএ(প্রাক) ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীদের ফলাফল এখনও সনাতন পদ্ধতিতে হওয়ায় তাদের আবেদন গ্রহণযোগ্য হবে, তবে তাদের মার্কশিট/সার্টিফিকেট থাকতে হবে।]

(II)

| |
|---|
| মানবিক শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/ সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে। |
| বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৭.৫০ পেতে হবে। |
| বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৮.০০ পেতে হবে। |
| **জিসিই O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় অন্ততঃ ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড এবং ৩টি বিষয়ে কমপক্ষে C গ্রেড পেতে হবে। O লেভেলA লেভেল এবং ইংলিশ ভার্সন (ন্যাশনাল কারিকুলাম) পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্ন প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজিতে অনুবাদ করা হবে। ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে তার Application ID ও মোবাইল নম্বর উল্লেখসহ ১২-০৯-২০১৮ তারিখের মধ্যে ইমেইল (ru_admission@ru.ac.bd) -এর মাধ্যমে জানাতে হবে।** |

বি. দ্র. আবেদনকারী যে ইউনিটে আবেদন করুক না কেন সে যে শাখা থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই শাখার জন্য নির্ধারিত যোগ্যতা তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

যে সব ছাত্র/ছাত্রী A ইউনিটের নাট্যকলা/ সঙ্গীত/ চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র/ মৃৎশিল্প ও ভাস্কর্য/ গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগে এবং C ইউনিটের শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। **ব্যবহারিক পরীক্ষার সময়সূচিসহ বিস্তারিত তথ্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে পাওয়া যাবে।**

১০০ নম্বরের MCQ পরীক্ষায় পাস নম্বর হবে ৪০। সময় ১ ঘন্টা। তবে A ইউনিটের নাট্যকলা / সঙ্গীত / চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র / মৃৎশিল্প ও ভাস্কর্য / গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগের ক্ষেত্রে পাস নম্বর হবে ৩০ এবং C ইউনিটের শুধুমাত্র শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির ক্ষেত্রে বিকেএসপি থেকে পাসকৃত শিক্ষার্থীদের পাস নম্বর হবে ২৫ এবং বিকেএসপি থেকে পাসকৃত শিক্ষার্থীদের আসন সংখ্যা হবে শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান বিভাগের নির্ধারিত আসন সংখ্যার ২০%। **এছাড়া ইউনিট/বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক আরোপিত শর্ত সংশ্লিষ্ট ইউনিট/ বিভাগ/ ইনস্টিটিউট এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।**

ভর্তি পরীক্ষায় বিভিন্ন ইউনিটের আবেদন ফি, অনলাইনে আবেদন পদ্ধতি, ভর্তি পরীক্ষার সময়সূচি এবং ইউনিট/বিভাগ/ ইনস্টিটিউট কর্তৃক আরোপিত শর্তসমূহ রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট http://admission.ru.ac.bd -এ **প্রকাশিত হবে।**

পরীক্ষার হলে কোন ধরণের ইলেকট্রনিক ডিভাইস যেমন- মোবাইল ফোন, ক্যালকুলেটর, হেডফোন, মেমোরিযুক্ত ঘড়ি ইত্যাদি সংগে আনা যাবে না।

**বিঃ দ্রঃ** আগামী বছর অর্থাৎ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক /স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা লিখিত পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং শুধুমাত্র ২০১৯ সালে এইচএসসি/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের সুযোগ পাবে।

এক বা একাধিক ইউনিটে প্রাথমিক আবেদন ফি ৫৫ টাকা । যারা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে কেবলমাত্র তারাই নির্ধারিত ইউনিটের আবেদন ফি জমা দিবে।

| ইউনিট | বিভাগসমূহ / ইনস্টিটিউট | অনলাইনে আবেদন ফি (১০% সার্ভিস চার্জসহ) |
|---|---|---|
| **ইউনিট- A**<br>কলা অনুষদ<br>এবং<br>চারুকলা অনুষদ | কলা অনুষদ :<br>(১) দর্শন (২) ইতিহাস (৩) ইংরেজি (৪) বাংলা<br>(৫) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৬) আরবী (৭) ইসলামিক স্টাডিজ (৮) নাট্যকলা (৯) সঙ্গীত (১০) ফারসি ভাষা ও সাহিত্য (১১) সংস্কৃত (১২) উর্দূ ।<br>চারুকলা অনুষদ:<br>(১) চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র<br>(২) মৃৎশিল্প ও ভাস্কর্য<br>(৩) গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস। | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন ফি ১১৪০ + ১১৪=১২৫৪ টাকা |
| **ইউনিট- B**<br>বিজনেস স্টাডিজ অনুষদ<br>এবং<br>ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট | বিজনেস স্টাডিজ অনুষদ:<br>(১) হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা (২) ম্যানেজমেন্ট স্টাডিজ<br>(৩) মার্কেটিং (৪) ফাইন্যান্স (৫) ব্যাংকিং ও ইনস্যুরেন্স<br>(৬) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট<br>ইনস্টিটিউট:<br>(১) ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন ফি ৬৬০+৬৬ =৭২৬ টাকা |
| **ইউনিট- C**<br>বিজ্ঞান অনুষদ<br>এবং<br>প্রকৌশল অনুষদ | বিজ্ঞান অনুষদ:<br>(১) গণিত (২) পদার্থবিজ্ঞান (৩) রসায়ন (৪) পরিসংখ্যান<br>(৫) প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান (৬) ফার্মেসী<br>(৭) পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট<br>(৮) ফলিত গণিত (৯) শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান<br>প্রকৌশল অনুষদ:<br>(১) ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>(২) ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল<br>(৩) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>(৪) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং<br>(৫) ম্যাটেরিয়াল্স সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>(৬) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং। | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন ফি ১১৪০+১১৪ = ১২৫৪ টাকা |
| **ইউনিট- D**<br>জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ<br>এবং<br>কৃষি অনুষদ | জীব ও ভূ-বিজ্ঞান<br>(১) ভূগোল ও পরিবেশবিদ্যা (২) মনোবিজ্ঞান<br>(৩) উদ্ভিদবিজ্ঞান (৪) প্রাণিবিদ্যা (৫) ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা<br>(৬) জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি<br>(৭) চিকিৎসা মনোবিজ্ঞান ।<br>কৃষি অনুষদ<br>(১) এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন<br>(২) ফিশারীজ<br>(৩) ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস<br>(৪) ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি। | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন ফি ৯০০+৯০= ৯৯০ টাকা |
| **ইউনিট- E**<br>আইন অনুষদ,<br>সামাজিক বিজ্ঞান অনুষদ<br>এবং<br>শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | আইন অনুষদ:<br>(১) আইন<br>(২) আইন ও ভূমি প্রশাসন<br>সামাজিক বিজ্ঞান অনুষদ:<br>(১) অর্থনীতি (২) রাষ্ট্রবিজ্ঞান (৩) সমাজকর্ম<br>(৪) সমাজবিজ্ঞান, (৫) গণযোগাযোগ ও সাংবাদিকতা<br>(৬) ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট<br>(৭) লোক প্রশাসন (৮) নৃবিজ্ঞান (৯) ফোকলোর<br>(১০) আন্তর্জাতিক সম্পর্ক<br>ইনস্টিটিউট :<br>(১) শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদন ফি ১০২০+১০২ = ১১২২ টাকা |

(প্রফেসর এম. এ. বারী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়